গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধান প্রকৌশলীর কার্যালয়**
গণপূর্ত অধিদপ্তর, পূর্তভবন
সেগুনবাগিচা, ঢাকা।

PWD Leadership Team এর সাপ্তাহিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ খালেকুজ্জামান চৌধুরী<br>প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর। |
| সভার তারিখ | ঃ | ২০/০৫/২০২৬ খ্রিঃ |
| সভার সময় | ঃ | সকাল ০৯ ঃ ১৫ টা |
| স্থান | ঃ | প্রধান প্রকৌশলীর সভাকক্ষ |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি মহোদয় আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা শুরু করেন।

২.০ আলোচনা

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | জনবল ব্যবস্থাপনা | সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যদের অবহিত করেন, গত সভার সিদ্ধান্ত মোতাবেক যে সমস্ত জায়গায় মামলার কারণে Sub-Divisional Engineer পদায়ন করা সম্ভব হয়নি যেসব জায়গায় Assistant Engineer পদ থেকে স্থানীয়ভাবে দায়িত্ব প্রদান করার জন্য। সভাপতি মহোদয় বলেন, এটা কি সবাই করতে পেরেছে কি না?<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা জোন বলেন, বিভিন্ন ডিভিশন এ তারা এটা এটাচ করে দিয়েছে।<br>সভাপতি মহোদয়, তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন) কে নির্দেশ প্রদান করেন যে পটুয়াখালী মেডিকেল কলেজের জন্য একজন ডেডিকেটেড Sub-Assistant Engineer(E/M) পদায়ন করতে।<br>সভাপতি মহোদয় বলেন, বরিশাল জোনে একজন মাত্র Sub-Divisional Engineer(E/M) আছে এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) কে নির্দেশনা প্রদান করেন এই ব্যপারে পদক্ষেপ নিতে।<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ জোন বলেন, জামালপুর থেকে একজন Sub-Assistant Engineer(E/M) কে কিশোরগঞ্জে পদায়নকরার জন্য।<br>সভাপতি মহোদয়, তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন), কে এই বিষয়টি নোট করার নির্দেশ প্রদান করেন । | ১। Sub-Divisional Engineer এর শূন্য পদে Assistant Engineer পদ থেকে স্থানীয়ভাবে দায়িত্ব প্রদান।<br>২। পটুয়াখালী মেডিকেল কলেজে একজন Sub-Assistant Engineer(E/M) পদায়ন।<br>৩। জামালপুর এর একজন Sub-Assistant Engineer(E/M) কে কিশোরগঞ্জে পদায়ন। | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংশ্লিষ্ট জোন।<br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)।<br>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন) |
| ২ | সিএমপি বাস্তবায়ন পরিকল্পনা | সভাপতি মহোদয় CMP এর কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চান, উত্তরে অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ বলেন, তারা এটা নিয়ে কাজ শুরু করেছে। সভাপতি মহোদয় | ১। সব প্রকল্পে শুরু হতে শেষ পর্যন্ত CMP বাস্তবায়ন বাধ্যতামূলক করতে হবে। | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংশ্লিষ্ট জোন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চলমান প্রকল্পে সিএমপি প্রস্তুত এবং বাস্তবায়ন বাধ্যতামূলক করেন।<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী সিলেট জোন, CMP নিয়ে পুরো ব্রিফিং করেন। তিনি বলেন, সিএমপি অনলাইন পোর্টাল উন্নয়ন নিয়ে কাজ শুরু করেছে, যা প্রকল্প তথ্য নির্মাণ, চেকলিষ্ট, গুণমান নিয়ন্ত্রন এবং অগ্রগতি পর্যবেক্ষণে সহায়তা করে। সিএমপি অনলাইন পোর্টাল ঈদের পরে সার্বিকভাবে চালু করার পরিকল্পনা রয়েছে।<br>সভাপতি মহোদয় বলেন, সমস্ত চলমান প্রকল্পের CMP বাস্তবায়ন করতে হবে। | | |
| ৩ | পরিদর্শন ও সফর ফলোআপ | সভাপতি মহোদয় পরিদর্শন ও সফর ফলোআপ সম্পর্কে বলেন,<br>১। বরিশাল সফর:<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বরিশাল), বরিশালে চলমান নভোথিয়েটার, ক্যান্সার হাসপাতাল সহ সকল প্রকল্প সঠিক ভাবে বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।<br>২। রাজশাহী সফর:<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (রাজশাহী) কে পাবনাতে চলমান রূপপুর গ্রিন সিটি, পাবনা মানসিক হাসপাতাল সহ সকল প্রকল্প সঠিক ভাবে বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় দিকেনির্দেশনা প্রদান করেন। | ১। বরিশাল ও রাজশাহীতে চলমান সকল প্রকল্প সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | ১। সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বরিশাল ও রাজশাহী জোন। |
| ৪ | পূর্ত ভবন প্রকল্প | সভাপতি মহোদয় পূর্ত ভবন প্রকল্পের সার্বিক অগ্রগতির বিষয়ে জানতে চান,<br>তখন এই বিষয় নিয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (P&SP) জোন বলেন, পূর্ত ভবন কাজে রেজুলেশন পাস হয়েছে, শুরু তে প্রথম টাওয়ার বিল্ডিং নির্মাণ হবে, পরবর্তীতে দ্বিতীয় টাওয়ার বিল্ডিং নির্মাণ হবে।<br>সচিব মহোদয় পূর্ত ভবন প্রকল্প একনেকে যাওয়ার ব্যাপারে একমত পোষণ করেছেন।<br>পরিকল্পনা কমিশন নির্দেশনা দিয়েছে ১২টি পয়েন্টের আলোকে আর্কিটেকচারাল ডিজাইনে সংশোধন আনতে হবে। | ১। গণপূর্ত অধিদপ্তরের পূর্ত ভবনে টাওয়ার বিল্ডিং বাস্তবায়নে সকলের আরও জোড়ালো ভূমিকা পালন করতে হবে। | ১। গণপূর্ত ও স্থাপত্য অধিদপ্তরের উর্দ্ধতন কর্মকর্তাগণ। |
| ৫ | ১৮০ দিনের কর্মসূচি | সভাপতি মহোদয়, বৃক্ষরোপন, উপজেলা সেটআপ, কড়াইল বস্তি, Day care, ব্রেস্ট ফ্রিডিং কর্ণার অগ্রগতির বিষয়ে আলোচনা করেন। | ১। গণপূর্ত অধিদপ্তরের ১৮০ দিনের কর্মসূচি বাস্তবায়নে সকলের আরও জোড়ালো ভূমিকা পালন করতে হবে। | ১। গণপূর্ত অধিপ্তরের সকল কর্মকর্তা এবং কর্মচারীগণ। |
| ৬ | এস্টিমেটিং সফটওয়্যার | সভাপতি মহোদয় বলেন, আগামী বছর জুন মাস হতে এস্টিমেটিং সফটওয়্যার সবার জন্য বাধ্যতামূলক করা হবে। তিনি আরও বলেন, এস্টিমেটিং সফটওয়্যার এর সিভিল ও ই/এম কাজ একসাথে করার সময় কিছু সমস্যা হচ্ছে এই জন্য এস্টিমেটিং সফটওয়্যার সঠিকভাবে | ১। এস্টিমেটিং সফটওয়্যার আগামী বছর হতে সবার জন্য বাধ্যতামূলক করা হবে।<br>২। এস্টিমেটিং সফটওয়্যার এ সিভিল ও ই/এম এর | ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত এমআইএস সার্কেল, মাঠ পর্যায়ের সকল অতিরিক্ত প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সমাধান এমআইএস করবে। | যাচ্ছে তার সমাধান করতে হবে। | ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত এমআইএস সার্কেল |
| ৭ | শিডিউল অফ রেটস রিভিউ | সভাপতি মহোদয় বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শিডিউল অফ রেটস (SOR) রিভিউ করতে বলেছেন। সভাপতি মহোদয় জানতে চেয়েছেন শিডিউল অফ রেটস এর খরচ কমানো যায় কিনা? জবাবে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ডিজাইন) বলেন, যে BNBC মানার জন্য খরচ বেড়ে যায়।<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম) চট্টগ্রাম জোন বলেন, লিফট এর শিডিউল অফ রেটস এ কিছু সমস্যা আছে। | ১। শিডিউল অফ রেটস পর্যালোচনার জন্য আগামী শনিবার বিশেষ রিভিউ মিটিং অনুষ্ঠিত হবে। | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ। |
| ৮ | বিশেষ নির্দেশনা | সভাপতি মহোদয় বলেন, সভায় উপস্থিত অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ কে নিজেদের মধ্যে কোন আলোচনা ছাড়া নিম্ন লিখিত বিয়ষগুলোর সমস্যা ও সমাধান করতে হবে।<br><br>1. Human Resource.<br>2. Branding.<br>3. Public Relation.<br>4. Logistics & Equipment.<br>5. Rules & Regulation.<br>6. Accounts.<br>7. Project inception.<br>8. Project Planning & Design.<br>9. Project implementation.<br>10. Asset creation.<br>11. Asset management.<br>12. New initiatives<br>13. New Project.<br>14. Information Technology.<br>15. Communication.<br>সভাপতি মহোদয় বলেন, সবাইকে উপরের বিষয়গুলো আলাদা ছকে বাম পাশে সমস্যা এবং ডান পাশে সমাধান উল্লেখ করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) কে Email/Whatsapp করতে হবে। | ১। উল্লিখ ১৪ টি বিষয়ের সমস্যা ও সমাধান আলাদা ছকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) কে Email/Whatsapp এ পাঠাতে হবে। | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ। |
| ৯। | বিবিধ | ১। <u>তথ্য কমপ্লেক্স(টাঙ্গাইল):</u><br><br>সভাপতি মহোদয়, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (টাঙ্গাইল) কে বলেন, তথ্য কমপ্লেক্স নির্মাণ কাজে গাফিলতির জন্য দায়িত্ব প্রাপ্ত Sub-Assistant Engineer ও Sub-Divisional Engineer কে শোকজ করতে।<br><br>২। <u>মাসিক গোপনীয় রিপোর্ট:</u><br><br>সভাপতি মহোদয় বলেন, সব জনবল এর জন্য সংশ্লিষ্ট সুপারভাইজিং অফিসার মাসিক গোপনীয় রিপোর্ট প্রদান করবেন যাতে তাদের প্রকৃত কাজের বিবরণ থাকবে । | ১। তথ্য কমপ্লেক্স নির্মাণ কাজে গাফিলতির জন্য দায়িত্ব প্রাপ্ত Sub-Assistant Engineer ও Sub-Divisional Engineer কে শোকজ প্রদান করতে হবে।<br><br>২। সকল জনবলের জন্য প্রকৃত কাজের বিবরণের মাসিক গোপনীয় রিপোর্ট প্রদান করতে হবে। | ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (টাঙ্গাইল)<br>২। সংশ্লিষ্ট অফিসার |

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত এম আই এস সার্কেল, ঢাকা।

৩.০ সভার এ পর্যায়ে আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ খালেকুজ্জামান চৌধুরী)
প্রধান প্রকৌশলী
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নম্বরঃ- ১০৫৩২ তারিখঃ- ২০/০৫/২০২৬খ্রীঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (পওবিপ্র/সওস/ডিজাইন/ই/এম-পিএন্ড ডি/ই-এম জোন/স্বাস্থ্য উইং/ঢাকা জোন/মেট্রো জোন।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম জোন/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/রাজশাহী/খুলনা/গোপালগঞ্জ জোন।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প সার্কেল-১/২/ পিপিসি/উন্নয়ন/পেকু/প্রকিউরমেন্ট/এমআইএস/আরএন্ডডি/মওঅ/অভ্যন্তরীণ অডিট।

৪।অফিস কপি।

ফারিবা হালিম অরিণ
নির্বাহী প্রকৌশলী(স্টাফ অফিসার)
প্রধান প্রকৌশলী মহোদয়ের দপ্তর
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন,ঢাকা।

গণপূর্ত এমআইএস সার্কেল, ঢাকা